তারিখ ..26 APR 2016...
পৃষ্ঠা ...2... কলাম ...2...

দৈনিক
আমাদের সময়

# এবার কুবি শিক্ষককে হত্যার হুমকি

কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক এনএম রবিউল আওয়াল চৌধুরীকে দীর্ঘদিন ধরে মোবাইল ফোনে মেরে ফেলার হুমকি দেওয়া হচ্ছে। একই সঙ্গে ওই শিক্ষকের মা-বোনসহ আত্মীয়স্বজনদেরও ফোন করে শিক্ষককে মেরে ফেলার কথা বলা হচ্ছে। ফোনে হত্যার হুমকির বিষয়টি এ প্রতিবেদককে নিশ্চিত করেন শিক্ষক রবিউল আওয়াল। এ ছাড়া রোববার রাতে ওই শিক্ষক তার ফেসবুক ওয়ালে এ সংক্রান্ত একটি স্ট্যাটাস দেন।